

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
আইন শাখা-২  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
www.tmed.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৭.০৪.১০৬.১৯.১১০

তারিখ: ১১ আষাঢ়, ১৪২৬

২৫ জুন ২০১৯

বিষয়: রিট পিটিশন নং-২৫৪৩/২০১৯ মামলায় সরকার পক্ষের জবাব দাখিলসহ প্রয়োজনীয় আইনী ব্যবস্থা গ্রহণক্রমে টিএমইডিতে তথ্য প্রেরণ।

সূত্র: হাইকোর্ট বিভাগের রুল নিশি জারির আদেশ, তারিখ: ১৫.০৪.২০১৯ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, জনাব মো: আনোয়ার হোসেন, সহকারী শিক্ষক (ইবতেদায়ী ঝারী), ক্ষেতলাল খুশবদন গোলজারে উলুম আলিম মাদরাসা, ক্ষেতলাল, জয়পুরহাট, পিতা: মো: আব্দুস সাত্তার মন্ডল, গ্রাম: সাংদেওগ্রাম, পোস্ট: মেলা গোপিনাথপুর, থানা: ক্ষেতলাল, জেলা: জয়পুরহাট কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-২৫৪৩/২০১৯ মামলা দায়ের করা হয়েছে এবং মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক উক্ত মামলার রুল নিশি জারির আদেশ প্রেরণ করা হয়েছে।

০২. উক্ত মামলার রুল নিশি জারির আদেশ, আর্জি এবং তৎসংলগ্নীসমূহ পর্যালোচনা করে দেখা যায় যে, রিট আবেদনকারী জনাব মো: আনোয়ার হোসেন বিগত ১৪.০৭.১৯৯২ খ্রি: তারিখে স্বপদে যোগদান করেন এবং নভেম্বর/১৯৯৪-তে এমপিওভুক্ত হন। তার ইনডেক্স নং-৩৮৬০০২। কর্মরত থাকা অবস্থায় মে/২০১৩-তে ভুলক্রমে তার নামটি এমপিও তালিকা থেকে বাদ পড়ে এবং তার এমপিও বন্ধ হয়ে যায়। এর পরিশ্রমিকিতে সংক্ষুব্ধ হয়ে মে/২০১৩ থেকে বকেয়া এমপিও দাবী করে মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং-২৫৪৩/২০১৯ মামলাটি দায়ের করা হয়।

০৩. উক্ত রিট পিটিশন মামলায় সচিব, শিক্ষা মন্ত্রণালয় মহোদয়-কে ১নং রেসপনডেন্ট, মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর-কে ২ নং রেসপনডেন্ট, মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর-কে ৩ নং রেসপনডেন্টসহ মোট ০৬ (ছয়) জনকে রেসপনডেন্ট করা হয়েছে।

০৪. উক্ত রিট পিটিশন মামলায় মহামান্য হাইকোর্ট কর্তৃক গত ১৫ এপ্রিল, ২০১৯ খ্রি: তারিখে নিম্নরূপ আদেশ জারী করা হয়েছে: "Pending hearing of the Rule, respondent No.3 is directed to dispose of the said representation dated 12.08.2013 sent by the said Madrasah (Annexure-E1), in accordance with law, within a period of 60 (sixty) days from receipt of the copy of this order."

০৫. আলোচ্য মামলাটিতে সরকার পক্ষের স্বার্থ সংরক্ষণে নিম্নরূপ পদক্ষেপ গ্রহণ প্রয়োজন-

- ক. মহামান্য আদালতের নির্দেশনা মতে পিটিশনার কর্তৃক দাখিলকৃত ১২.০৮.১৩ খ্রি: তারিখের আবেদনটি (Annexure-E1 হিসেবে) নিষ্পত্তি করা হয়েছে কীনা ?
- খ. আবেদনটি নিষ্পত্তি করা হয়ে থাকলে সরকার পক্ষের জবাবে (*Affidavit in opposition*) তা উল্লেখক্রমে জবাব তৈরী করা হয়েছে কীনা ?
- গ. আর্জির বিষয়গুলো বিবেচনায় নিয়ে সরকার পক্ষের জবাব তৈরী করা হয়েছে কীনা ?
- ঘ. প্রস্তুতকৃত জবাব মহামান্য আদালতে দাখিল হয়েছে কীনা ? না হয়ে থাকলে কবে নাগাদ জবাব মহামান্য আদালতে দাখিল করা সম্ভব হবে ?
- ঙ. মামলাটি পরিচালনার জন্য নির্দিষ্টভাবে কোন বিজ্ঞ আইনজীবীকে দায়িত্ব দেয়া হয়েছে কীনা ?
- চ. কোন নির্দিষ্ট কর্মকর্তা দ্বারা মামলাটির কার্যক্রম মনিটর করা হয় কীনা ?
- ছ. মামলার সর্বশেষ অবস্থা কী ?
০৬. মামলা বিষয়ে পরবর্তী পদক্ষেপ গ্রহণের সুবিধার্থে উপরিউক্ত মতে গৃহীত পদক্ষেপের তথ্য প্রয়োজন।

০৭. এমতাবস্থায় উপরিউক্ত মতে রিট পিটিশন নং-২৫৪৩/২০১৯ মামলায় সরকার পক্ষে জবাব (*Affidavit in opposition*) দাখিলসহ (ইতোপূর্বে দাখিল না হয়ে থাকলে) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণক্রমে চাহিত তথ্য (প্রমাণকসহ) আগামী ৩০.০৭.২০১৯ খ্রি: তারিখের মধ্যে টিএমইডিতে প্রেরণের জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



২৫-৬-২০১৯

ড. মো: মহাতাব হোসেন  
সংযুক্ত কর্মকর্তা (আইন)

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)  
মাদরাসা শিক্ষা অধিদপ্তর

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৭.০৪.১০৬.১৯.১১০/১(৭)

তারিখ: ১১ আষাঢ়, ১৪২৬  
২৫ জুন ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ২) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৩) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪) সিস্টেম এ্যানালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৫) যুগ্ম-সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬) উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৭) অফিস কপি/ মাস্টার কপি, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।



২৫-৬-২০১৯

ড. মো: মহাতাব হোসেন  
সংযুক্ত কর্মকর্তা (আইন)